সুরা - ৯৪ প্রশান্তকরণ (আল্-ইন্শিরাহ, :১) মক্কায় অবতীর্ণ

আল্লাহ্র নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ আমরা কি তোমার বক্ষ প্রশস্ত করে দিই নি?
- ২ আর আমরা তোমার থেকে লাঘব করেছি তোমার ভার,—
- ৩ যা চেপে বসেছিল তোমার পিঠে;
- ৪ আর আমরা তোমার জন্য উন্নত করেছি তোমার নামোল্লেখ।
- ৫ অতএব কস্টের সঙ্গেই তো আরাম রয়েছে;
- ৬ নিশ্চয় কস্টের সঙ্গে আরাম রয়েছে।
- ৭ সুতরাং যখন তুমি মুক্ত হয়েছে তখন কঠোর পরিশ্রম করো,
- ৮ আর তোমার প্রভুর প্রতি তবে একান্তভাবে মনোনিবেশ করো।

http://www.QuranToday.com/